

উড্ডয়নের পরপরই ইঞ্জিন বিকল, জরুরি অবতরণ

- A Monitor Desk Report

Date: 14 December, 2025



ঢাকাঃ যুক্তরাষ্ট্রের ওয়াশিংটনের ডালেস আন্তর্জাতিক বিমানবন্দর থেকে উড্ডয়নের পরপরই টোকিওগামী ইউনাইটেড এয়ারলাইন্সের বোয়িং ৭৭৭ ফ্লাইটের একটি ইঞ্জিন বিকল হয়ে যায়। পরে ফ্লাইটটি সেখানে জরুরি অবতরণ করে।

স্থানীয় সময় শনিবার (১৩ ডিসেম্বর) ফ্লাইটটি উড্ডয়নের সময় রানওয়ের পাশে ঝোপঝাড়ে আগুনও ধরে যায় বলে সংশ্লিষ্ট কর্মকর্তারা জানিয়েছেন।

তবে, এই ঘটনায় ফ্লাইটটিতে থাকা ২৭৫ জন যাত্রী ও ১৫ জন ক্রু সদস্যের কেউ হতাহত হননি।

বার্তাসংস্থা জানিয়েছে, প্রশস্ত কাঠামোর এই ফ্লাইটটির একটি ইঞ্জিন বিকল হয়ে পড়ার পর জরুরি অবতরণের আগে ফ্লাইটটি থেকে জ্বালানি ফেলে দিতে হয়।

ইউনাইটেড এয়ারলাইন্স এক বিবৃতিতে জানিয়েছে, ‘উড্ডয়নের কিছুক্ষণ পরই ইউনাইটেড-এর ফ্লাইট ৮০৩-এর একটি ইঞ্জিন আকস্মিক বিকল হয়ে পড়ায় ওয়াশিংটন ডালেস বিমানবন্দরে ফিরে আসে এবং সেখানে ফ্লাইটটি নিরাপদে অবতরণ করে।’

এয়ারলাইন্স কর্তৃপক্ষ জানিয়েছে, যাত্রীদের জন্য শনিবারই পরবর্তী সময়ে টোকিওর হানেদা বিমানবন্দরের উদ্দেশে আরেকটি ফ্লাইটের ব্যবস্থা করা হচ্ছে।

নাম প্রকাশে অনিচ্ছুক একটি সূত্র জানায়, বোয়িং ৭৭৭ ২০০ইআর ফ্লাইটটি স্থানীয় সময় শনিবার দুপুর ১২টা ২০ মিনিটের দিকে হানেদা বিমানবন্দরের উদ্দেশে ডালেস থেকে উড্ডয়ন করার সময় ইঞ্জিন বিকলের ঘটনা ঘটে।

ডালেস বিমানবন্দরের একজন মুখপাত্র বলেন, ‘উড্ডয়নের সময় ইউনাইটেডের ৮০৩ ফ্লাইটটির রানওয়ের পাশের কিছু ঝোপঝাড়ে আগুন

ধরিয়ে দেয়। তবে আগুন দ্রুত নিভিয়ে ফেলা হয় এবং ফ্লাইটটি দুপুর প্রায় ১টা ৩০ মিনিটে ডালেসে ফিরে নিরাপদে অবতরণ করে। এরপর বিমানবন্দরের অগ্নিনির্বাপন কর্মীরা উড়োজাহাজটি পরীক্ষা করেন।’

যুক্তরাষ্ট্রের ফেডারেল এভিয়েশন অ্যাডমিনিস্ট্রেশন (এফএএ) জানিয়েছে, উড্ডয়নের সময় ইঞ্জিন বিকল হওয়ায় ফ্লাইটটিকে ডালেসে ফিরে আসতে হয়। সংস্থাটি ঘটনাটি তদন্ত করবে বলে জানিয়েছে।

-B